মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর

# মাসিক বুলেটিন

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মাসিক বুলেটিন সংখ্যাঃ ৩৫ বর্ষঃ তৃতীয় নভেম্বর ২০০৭

## ঢাকায় ইয়াবা, আইসপিল, ফেন্সিডিল, বিদেশী মদ ও হেরোইন উদ্ধার

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা মেট্রোঃ উপ-অঞ্চল গোপন সংবাদের ভিত্তিতে গত ১১ নভেম্বর ২০০৭ তারিখে রাজধানী ঢাকার পল্টন থানাধীন ১৪, কাকরাইলস্থ প্যাসিফিক সুপার সেন্টার নামক দোকানের সামনে পশ্চিম পার্শ্বের রাস্তার উপর এবং ১৫/১৭, হোমটেক মাহাবুব টাওয়ার এর ২য় তলায় ২-বি, নম্বর ফ্লাট, শান্তিনগর বাজার রোড থেকে ৪০ টি ইয়াবা ট্যাবলেট, ৫ টি মোবাইল ফোন সেট, ৬ গ্রাম হেরোইন, ১২ টি আইসপিল এবং নগদ ৬৭,৩০০ টাকাসহ জাহানারা কবির রুবী (৩৫), রাশিদা আক্তার রুজা ওরফে জাহানারা (২৭), পায়েল (২৭), মোঃ মাসুদ পারভেজ (২৮) এবং আইরিন রহমান পলি (৩০) কে হাতেনাতে গ্রেফতার করে।

গত ৯ নভেম্বর ২০০৭ তারিখে ঢাকা মেট্রোঃ উপ–অঞ্চলের সদস্যরা জিয়া আন্তর্জাতিক বিমান বন্দর রেলষ্টেশন থেকে ৮০ বোতল ফেন্সিডিলসহ মোঃ মামুন মিয়াকে এবং ৪ কেজি গাঁজাসহ মামুনের পার্টনার জেসমিন আক্তারকে গ্রেফতার করে। এছাড়া মেট্রোঃ উপ–অঞ্চলের সদস্যরা বিদেশী বিভিন্ন নামকরা ব্রান্ডের হুইস্কিসহ মোঃ জুয়েলকে গ্রেফতার করেছে। সেসাথে তার কাছ থেকে হুইস্কি তৈরীর বিভিন্ন উপকরণও উদ্ধার করা হয়।

গত ২৫ অক্টোবর ২০০৭ তারিখে ঢাকা মেট্রোঃ উপ–অঞ্চলের সদস্যরা গোপন সংবাদের ভিত্তিতে ১৯, শান্তিবাগ আজিজুর রহমানের চতুর্থ তলার বাড়ির নিচ তলায় অভিযান চালিয়ে মোহাম্মদ শাহজাহান ওরফে ডাব্বু (২৫) ও মোহাম্মদ ইয়াছিন (২৭) কে ২০ টি ইয়াবা ট্যাবলেটসহ গ্রেফতার করে। এছাড়া উত্তরা থেকে ইয়াবাসহ রনি নামে একজনকে গ্রেফতার করে। গ্রেফতারকৃতদের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে সংশ্লিষ্ট থানায় মামলা করা হয়।



গ্রেফতার কৃত জাহানারা কবির রুবী, রাশিদা আক্তার রুজা ওরফে জাহানারা, পায়েল, মোঃ মাসুদ পারভেজ এবং আইরিন রহমান পলি।

## নিরোধ শিক্ষামূলক কার্যক্রম ও মাদকবিরোধী প্রচারাভিযান

মাদকদ্রব্যের ক্ষতিকর প্রভাব সম্পর্কে গণসচেতনতা সৃষ্টি ও মাদকের বিরুদ্ধে ব্যাপক জনমত গড়ে তোলার লক্ষ্যে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পাশাপাশি বিভিন্ন বেসরকারী সংস্থা মাঠ পর্যায়ে নিরোধ শিক্ষামূলক কার্যক্রম বাস্তবায়ন করে যাচ্ছে। অধিদপ্তরের মাঠ পর্যায়ের অফিসসমূহ অক্টোবর/০৭ মাসে মোট ৪০৭ টি নিরোধ শিক্ষামূলক কার্যক্রমের আয়োজন করে। নিরোধ শিক্ষামূলক কার্যক্রমের একটি বিবরণী নিম্নে তুলে ধরা হলো।

| ক্র/নং | কর্মসূচীর নাম | সংখ্যা ২০০৭ সাল | |
|---|---|---|---|
| | | অক্টোবর | জানুঃ-অক্টোবর |
| ১। | মাইকিং কর্মসূচী- | ১০ টি | ১১৩ টি |
| ২। | ধর্মীয় প্রতিষ্ঠান ভিত্তিক | ১ টি | ২৭ টি |
| ৩। | মাদকবিরোধী আলোচনা সভা- | ৩০৯ টি | ৪০৩৫ টি |
| ৪। | প্রামাণ্য চিত্র/ভিসিডি প্রদর্শন | - | ৪ টি |
| ৫। | অভিযানকালে গণসচেতনতা কার্যক্রম- | ৭৪ টি | ৫৫৬ টি |
| ৬। | পোস্টার ও লিফলেট বিতরণ কর্মসূচী- | ৪ টি | ৭৯ টি |
| ৭। | সেমিনার/ওয়ার্কশপ- | ৯ টি | ৬১ টি |
| ৮। | প্রশিক্ষণ কর্মসূচী | - | ২ টি |
| ৯। | অন্যান্য কর্মসূচী- | - | ১৯ টি |

## মাদকাসক্তি চিকিৎসা ও পুনর্বাসন রিপোর্ট

অক্টোবর/০৭ মাসে সরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রসমূহে ২৯৭ জন মাদকাসক্তের চিকিৎসা সেবা প্রদান করা হয়। এর মধ্যে আন্তঃবিভাগে ১২৭ জন এবং বহিঃর্বিভাগে ১৭০ জন চিকিৎসা সেবা, পরামর্শ ও ফলোআপ সেবা প্রাপ্ত হয়। অক্টোবর/০৭ মাসে নিরাময় কেন্দ্রভিত্তিক চিকিৎসা সেবার বিবরণ নিম্নরূপঃ

| কেন্দ্রের নাম | অন্তঃ বিভাগ | বহিঃ বিভাগ | মোট | নতুন | পুরাতন |
|---|---|---|---|---|---|
| কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, ঢাকা | ৫৭ | ১১২ | ১৬৯ | ৮৪ | ৮৫ |
| মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, চট্টগ্রাম | ৮ | ৮ | ১৬ | ১৬ | - |
| মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, খুলনা | - | - | - | - | - |
| মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, রাজশাহী | - | - | - | - | - |
| কেন্দ্রীয় কারাগার হাসপাতাল, যশোর | - | ১০ | ১০ | ৭ | ৩ |
| কেন্দ্রীয় কারাগার হাসপাতাল, রাজশাহী | ৩৯ | ২৮ | ৬৭ | ২৬ | ৪১ |
| কেন্দ্রীয় কারাগার হাসপাতাল, কুমিল্লা | ২৩ | ১২ | ৩৫ | ১২ | ২৩ |
| মোট | ১২৭ | ১৭০ | ২৯৭ | ১৪৫ | ১৫২ |

## *সম্পাদকের কথা*

# মাদকমুক্ত সমাজ গঠনে শিক্ষা প্রতিষ্ঠানের ভূমিকা

বর্তমান তরুণ ও যুব শ্রেণীর মধ্যে মাদকাসক্তির প্রবণতা বৃদ্ধি পেয়েছে। বিশেষ করে উচ্চবিত্ত পরিবারের বিশ্ববিদ্যালয়ে পড়ুয়া সন্তানদের মধ্যে নিতান্ত কৌতূহল বশতঃ মাদকাসক্তির প্রবণতা উত্তোরোত্তর বৃদ্ধি পাচ্ছে। তাদের মধ্যে মাদকাসক্তির প্রবণতা বৃদ্ধির আরেকটি অন্যতম কারণ হচ্ছে মাদকাসক্তির পরিণতি সম্পর্কে অজ্ঞতা। মাদকাসক্তি আমাদের ভবিষ্যত প্রজন্মের জন্য নিতান্তই হতাশার। এ অবস্থার দ্রুত ও আশু পরিবর্তন প্রয়োজন। এজন্য প্রয়োজন ব্যাপক গণসচেতনতা ও শিক্ষামূলক কার্যক্রম। মাদকদ্রব্যের অপব্যবহারের ক্ষতিকর দিকসমূহ সম্পর্কে সচেতন করার কাজে শিক্ষকগণ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারেন। শিক্ষকগণ তাদের কোমলমতি ছাত্রদের মধ্যে মাদকের অপকারিতা ও ক্ষতিকর দিক সম্পর্কে জ্ঞান দান করলে তাদেরকে মাদকের গ্রাস থেকে রক্ষা করা যাবে। এদিকটি বিবেচনায় রেখে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড মাদক বিরোধী গণসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন স্কুল ও কলেজের পাঠ্যক্রমে মাদকবিরোধী বিষয় অন্তর্ভূক্ত করেছে। অধিকতর গণসচেতনতা সৃষ্টির অভিপ্রায়ে শিক্ষার্থীদের বাংলা ও ইংরেজী আবশ্যিক বিষয়ে নাটিকা, গল্প, প্রবন্ধ প্রভৃতি অন্তর্ভূক্ত করা হলে মাদকবিরোধী প্রচারণা আরও ফলপ্রসূ হবে। তবে এগুলো কেবল পাঠ্যক্রমে অন্তর্ভূক্ত করলেই চলবে না। ছাত্রদের মধ্যে এ বিষয়ে গ্রহণযোগ্যতা বৃদ্ধির জন্য শিক্ষকগণ তথা শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করতে হবে।

# গাজীপুরে ফেন্সিডিল চোলাইমদ ও জাওয়া উদ্ধার

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা উপ-অঞ্চলের গাজীপুর সার্কেলের সদস্যরা গোপন সংবাদের ভিত্তিতে গত ১ নভেম্বর ২০০৭ তারিখে গাজীপুরের কালীগঞ্জ থানাধীন তুমলিয়া গ্রামে হেলামন পাঠানের বাড়িতে অভিযান চালিয়ে ১১৫ বোতল ফেন্সিডিল ও ১০০ লিটার চোলাইমদ উদ্ধার করে। একই দিন গাজীপুর সার্কেলের সদস্যরা জয়দেবপুর থানাধীন বশুগ্রাম থেকে ৮ বোতল ফেন্সিডিল সহ আঃ বাছেদ কে গ্রেফতার করে। অন্যদিকে আরেক অভিযানের মাধ্যমে গাজীপুর সার্কেল কালীগঞ্জ থানাধীন মিরের টেক আমানউল্লাহ এর বাড়ি থেকে ১০ লিটার চোলাইমদ ২০০০ (দুই হাজার) লিটার জাওয়া উদ্ধার করে।

## মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ-অঞ্চল ও গোয়েন্দা অঞ্চলভিত্তিক অক্টোবর/০৭ মাসের মামলার পরিসংখ্যানঃ

| ক্র/নং | উপ-অঞ্চলের নাম | দায়েরকৃত মামলার সংখ্যা | আসামীর সংখ্যা |
|---|---|---|---|
| ১ | ঢাকা-মেট্রো উপ-অঞ্চল | ৯৫ | ৯৬ |
| ২ | ঢাকা উপ-অঞ্চল | ৬২ | ৭২ |
| ৩ | ময়মনসিংহ উপ-অঞ্চল | ৩৬ | ৩৬ |
| ৪ | ফরিদপুর উপ-অঞ্চল | ২৩ | ২২ |
| ৫ | টাংগাইল উপ-অঞ্চল | ১৫ | ১৮ |
| ৬ | জামালপুর উপ-অঞ্চল | ৫ | ৩ |
| ৭ | চট্রগ্রাম-মেট্রো উপ-অঞ্চল | ৪০ | ৩২ |
| ৮ | চট্রগ্রাম উপ-অঞ্চল | ১২ | ১৩ |
| ৯ | সিলেট উপ-অঞ্চল | ৩৯ | ৩৬ |
| ১০ | নোয়াখালী উপ-অঞ্চল | ১৩ | ২৪ |
| ১১ | কুমিল্লা উপ-অঞ্চল | ২৩ | ৩২ |
| ১২ | কক্সবাজার উপ-অঞ্চল | ৬ | ৪ |
| ১৩ | রাঙ্গামাটি উপ-অঞ্চল | ৩ | ৬ |
| ১৪ | খাগড়াছড়ি উপ-অঞ্চল | ২ | ১ |
| ১৫ | বান্দরবান উপ-অঞ্চল | ২ | ২ |
| ১৬ | খুলনা উপ-অঞ্চল | ২৮ | ৩৮ |
| ১৭ | যশোর উপ-অঞ্চল | ২৯ | ৩৫ |
| ১৮ | কুষ্টিয়া উপ-অঞ্চল | ৮ | ১২ |
| ১৯ | বরিশাল উপ-অঞ্চল | ৫ | ৬ |
| ২০ | পটুয়াখালী উপ-অঞ্চল | ৩ | ৬ |
| ২১ | রাজশাহী উপ-অঞ্চল | ৫৮ | ৬৬ |
| ২২ | পাবনা উপ-অঞ্চল | ১৪ | ১৭ |
| ২৩ | বগুড়া উপ-অঞ্চল | ২২ | ২০ |
| ২৪ | রংপুর উপ-অঞ্চল | ৩৬ | ৩৭ |
| ২৫ | দিনাজপুর উপ-অঞ্চল | ২২ | ২৮ |
| ২৬ | ঢাকা গোয়েন্দা অঞ্চল | ১৫ | ২১ |
| ২৭ | রাজশাহী গোয়েন্দা অঞ্চল | ৮ | ৬ |
| ২৮ | চট্টগ্রাম গোয়েন্দা অঞ্চল | ১০ | ১১ |
| ২৯ | খুলনা গোয়েন্দা অঞ্চল | ৪ | ৪ |
| | সর্বমোটঃ | ৬৩৮ | ৭০৪ |

অক্টোবর/০৭ মাসে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর মাঠ পর্যায়ের অপরাধ দমন অভিযান, তল্লাশী, অবৈধ মাদক উদ্ধার ও অপরাধীদের গ্রেফতার, বিশেষ করে ইয়াবা ব্যবসায়ীদের বিরুদ্ধে তৎপর ছিল। অক্টোবর/০৭ মাসে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক দায়েরকৃত মামলার সংখ্যা ৬৩৮টি এবং আসামীর সংখ্যা ৭০৪ জন। সেপ্টেম্বর/০৭ মাসের তুলনায় অক্টোবর/০৭ মাসে মামলার সংখ্যা বেড়েছে ৭ টি এবং আসামীর সংখ্যা কমেছে ১০ জন।

# অধিদপ্তরের আলামতভিত্তিক মামলার পরিসংখ্যান

অধিদপ্তরের নভেম্বর/০৭ মাসের আলামতভিত্তিক মামলা, আসামী ও উদ্ধারকৃত মাদকদ্রব্যের বিবরণ নিম্নে তুলে ধরা হলোঃ

| মাদকদ্রব্যের নাম | মামলার সংখ্যা | আসামীর সংখ্যা | মাদকদ্রব্যের পরিমাণ |
|---|---|---|---|
| হেরোইন | ১০৪ | ১২৪ | ০.৬৬ কেজি |
| গাঁজা | ২০৯ | ২২৬ | ১২৬.৩০৬ কেজি |
| গাঁজা গাছ | | | ৬৭ টি |
| অবৈধ চোলাই মদ | ১৭১ | ১৭৭ | ২৯৩০.৫ লিটার |
| দেশী মদ | ৩ | ৩ | ২৯ লিটার |
| বিদেশী মদ (লুজ) | ১ | ২ | ২৪.৪৫ লিটার |
| বিদেশী মদ(বোতলজাত) | ২১ | ১৩ | ১৭৫ বোতল |
| বিয়ার | ২ | ৪ | ৭৩৫ ক্যান |
| রেক্টিফাইড স্পিরিট | ৬ | ৮ | ৭৯.৭ লিটার |
| ডিনেচার্ড স্পিরিট | ১ | ১ | ১২ লিটার |
| ফেন্সিডিল(বোতলজাত) | ৮৭ | ১০২ | ১৫১৫ বোতল |
| ফেন্সিডিল(লুজ) | | | ২৭ লিটার |
| তাড়ী (টোডি) | ৪ | ৫ | ১১০ লিটার |
| পেথিডিন | ১ | ২ | ৩ এ্যাম্পুল |
| টি.ডি জেসিক ইঞ্জেকশন | ১৫ | ১৭ | ১২০ এ্যাম্পুল |
| জাওয়া | ৩ | ১ | ১৭৭৫৭ লিটার |
| ইয়াবা ট্যাবলেট | ১০ | ১৯ | ১০১৩ টি |
| নগদ অর্থ | | | ৮৭৭৩২ টাকা |
| মোবাইল সেট | | | ১৯ টি |
| মোটর সাইকেল | | | ১ টি |
| মোট | ৬৩৮ | ৭০৪ | |

# প্রিকারসর কেমিক্যাল আমদানি সংক্রান্ত মাসিক বিবরণী

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানে ব্যবহৃত প্রিকারসর কেমিক্যালস এর আমদানীর বিষয়ে অনুমোদন দিয়ে থাকে। বর্তমান অর্থবছরের শুরু থেকে অক্টোবর/০৭ পর্যন্ত বিভিন্ন প্রিকারসর এর অনুমোদিত বার্ষিক কোটা ও আমদানীর পরিমাণ নিম্নরূপঃ

| প্রিকারসর কেমিক্যালের নাম | আমদানির বার্ষিক কোটার পরিমাণ | জুলাই/০৭ হতে অক্টোবর/০৭ পর্যন্ত আমদানীর পরিমাণ | অক্টোবর/০৭ মাসে আমদানীর পরিমাণ |
|---|---|---|---|
| টলুইন | ৮,৯২৫.৭৯৯ মেঃ টন | ৩৯৫.৮৯১ মেঃ টন | ৩৬.৬৯৫ মেঃ টন |
| এসিটিক এনহাইড্রাইড | ১,২৫৬.৯৩৫ মেঃ টন | - | - |
| এসিটোন | ৪,৪১৬.২৩১ মেঃ টন | ২৫৭.৯২ মেঃ টন | ৪.৮০ মেঃ টন |
| মিথাইল ইথাইল কিটোন | ৩,০০১.৪১৭ মেঃ টন | ১০২.৪৬৫ মেঃ টন | ২৬.৪০ মেঃ টন |
| পটাশিয়াম পারম্যাংগানেট | ১,৭৫৭ মেঃ টন | ১৮.৫০ মেঃ টন | - |

# আইন-আদালত

অক্টোবর/০৭ মাসে মোট ২০৯৬৬ টি মামলা নিস্পত্তি হয়। এর মধ্যে ১০০ টি মামলার সাজা হয়েছে এবং ৬০ টি মামলা খালাস পেয়েছে। সাজাপ্রাপ্ত আসামীর সংখ্যা ১১১ জন এবং খালাসপ্রাপ্ত ব্যক্তির সংখ্যা ৭০ জন। অক্টোবর/০৭ মাস পর্যন্ত অনিস্পত্তিকৃত মামলার সংখ্যা ৩৬০৯৮ টি। উপ-অঞ্চল ও গোয়েন্দা অঞ্চলভিত্তিক নিস্পত্তিকৃত মামলার বিবরণ নিম্নরূপঃ

| ক্রঃ নং | উপ-অঞ্চলের নাম | সাজপ্রাপ্ত মামলার সংখ্যা | সাজাপ্রাপ্ত আসামীর সংখ্যা | অক্টোবর/ ০৭ পর্যন্ত অনিস্পত্তিকৃত মামলা |
|---|---|---|---|---|
| ১ | ঢাকা-মেট্রো উপ-অঞ্চল | ৪৩ | ৪৯ | ৪৭২৫ |
| ২ | ঢাকা উপ-অঞ্চল | ৫ | ৫ | ৩৪৩৯ |
| ৩ | ময়মনসিংহ উপ-অঞ্চল | ১ | ১ | ২৩৯৫ |
| ৪ | ফরিদপুর উপ-অঞ্চল | ৫ | ৬ | ৬১৩ |
| ৫ | টাংগাইল উপ-অঞ্চল | - | - | ৫৮৫ |
| ৬ | জামালপুর উপ-অঞ্চল | - | - | ৪৭১ |
| ৭ | ঢাকা গোয়েন্দা অঞ্চল | - | - | - |
| ৮ | চট্রগ্রাম মেট্রো উপ-অঞ্চল | - | - | ২৯৫৮ |
| ৯ | চট্রগ্রাম উপ-অঞ্চল | ২ | ২ | ৯৪৯ |
| ১০ | নোয়াখালী উপ-অঞ্চল | - | - | ৬১৩ |
| ১১ | কুমিল্লা উপ-অঞ্চল | - | - | ১৮৮১ |
| ১২ | কক্সবাজার উপ-অঞ্চল | - | - | ৫৬১ |
| ১৩ | রাঙ্গামাটি উপ-অঞ্চল | ৪ | ৪ | ১৬৬ |
| ১৪ | খাগড়াছড়ি উপ-অঞ্চল | - | - | ১৩ |
| ১৫ | বান্দরবান উপ-অঞ্চল | - | - | ৬৬ |
| ১৬ | চট্টগ্রাম গোয়েন্দা অঞ্চল | - | - | ৫০৫ |
| ১৭ | সিলেট উপ-অঞ্চল | ২ | ২ | ২৪৪৩ |
| ১৮ | খুলনা উপ-অঞ্চল | ৮ | ৮ | ৯০৬ |
| ১৯ | যশোর উপ-অঞ্চল | ৮ | ৮ | ১২১৮ |
| ২০ | কুষ্টিয়া উপ-অঞ্চল | ৩ | ৩ | ৬৪২ |
| ২১ | খুলনা গোয়েন্দা অঞ্চল | - | - | ১১৩ |
| ২২ | বরিশাল উপ-অঞ্চল | ৪ | ৫ | ২৫৬ |
| ২৩ | পটুয়াখালী উপ-অঞ্চল | - | - | ৮৪ |
| ২৪ | রাজশাহী উপ-অঞ্চল | ৩ | ৩ | ৩৯৫৫ |
| ২৫ | পাবনা উপ-অঞ্চল | - | - | ১৫১৫ |
| ২৬ | বগুড়া উপ-অঞ্চল | ৩ | ৩ | ১৩৩৫ |
| ২৭ | রংপুর উপ-অঞ্চল | ৬ | ৭ | ১৯৬৩ |
| ২৮ | দিনাজপুর উপ-অঞ্চল | ৩ | ৫ | ১৪২১ |
| ২৯ | রাজশাহী গোয়েন্দা অঞ্চল | - | - | ৩০৭ |
| | সর্বমোটঃ | ১০০ | ১১১ | ৩৬০৯৮ |

# রাজস্ব আদায়

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অঞ্চলভিত্তিক ২০০৬ সালের অক্টোবর মাসের সাথে ২০০৭ সালের অক্টোবর মাসের রাজস্ব আদায়ের তুলনামূলক বিবরণী নিম্নরূপঃ

| ক্র/নং | অঞ্চলের নাম | অক্টোবর/০৬ | অক্টোবর/০৭ |
|---|---|---|---|
| ১। | ঢাকা অঞ্চল | ৪৫,২৩,৯০৯ | ৭০,১৮,৬৫২ |
| ২। | চট্টগ্রাম অঞ্চল | ৫৭,৯১,৩৯৮ | ৬৬,৫৮,১৪৫ |
| ৩। | খুলনা অঞ্চল | ১,২৩,৪১,৩৮১ | ২,১৬,৪৮,৬১১ |
| ৪। | রাজশাহী অঞ্চল | ৩৩,২৯,৬৫৫ | ৬৭,২৯,৪৯২ |
| | মোট | ২,৫৯,৮৬,৩৪৩ | ৪,২০,৫৪,৯০০ |



২৫/১০/২০০৭ তারিখে ঢাকার রমনা থেকে ২৮০ পিছ ইয়াবা ও ৮ লিটার ফেন্সিডিলসহ গ্রেফতারকৃত মোঃ শাহিন, মোঃ বাশার ও লিটন দেবনাথ।

## নিউমার্কেটে ৩ মাদক ব্যবসায়ী গ্রেফতার

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা গোয়েন্দা অঞ্চলের সদস্যরা ১০/১১/০৭ তারিখে গোপন সংবাদের ভিত্তিতে ঢাকার নিউমার্কেট এলাকায় অভিযান চালিয়ে ৯ বোতল বিদেশী মদ, ১৫ ক্যান বিয়ার, ১১৭ কার্টুন বিভিন্ন নামীয় বিদেশী সিগারেট ও ২ টি মোবাইল সেটসহ মোঃ হারুন(২৮), মোঃ রফিকুল ইসলাম (২৬) এবং মোঃ সাজাহান (৫৫) কে গ্রেফতার। তারা নিউমার্কেট এলাকায় ভ্রাম্যমাণ মাদক ব্যবসা

## অবসর গ্রহণ

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা উপ-অঞ্চলের তত্ত্বাবধায়ক জনাব মোঃ আব্দুল মান্নান মৃধা ২৬ নভেম্বর ২০০৭ তারিখে এবং দিনাজপুর উপ-অঞ্চলের পরিদর্শক জনাব মোঃ মাসুদুল হক ৮ অক্টোবর ২০০৭ তারিখে প্রাক অবসর গ্রহণ প্রস্তুতিমূলক ছুটি (এলপিআর) এ গমন করেন। উক্ত ছুটি শেষে জনাব মোঃ আব্দুল মান্নান মৃধা ২৬ নভেম্বর ২০০৮ তারিখে এবং জনাব মোঃ মাসুদুল হক ৮ অক্টোবর ২০০৮ তারিখে সরকারী চাকুরী হতে অবসর গ্রহণ করবেন।

## রাসায়নিক পরীক্ষা সংক্রান্ত কার্যক্রম

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগারে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, পুলিশ, বিডিআর, কাস্টমস, র‍্যাব ও কোস্টগার্ডসহ সকল আইন প্রয়োগকারী সংস্থার দায়েরকৃত মাদক অপরাধ সংক্রান্ত মামলার আলামত এবং শিল্পে ব্যবহৃত বিভিন্ন গুরুত্বপূর্ণ প্রিকারসর ক্যামিকেলস এর রাসায়নিক পরীক্ষা কার্য সম্পন্ন করা হয়। অক্টোবর/০৭ মাসের রাসায়নিক পরীক্ষার হিসেব নিম্নরূপঃ

| নমুনা প্রেরণকারী সংস্থা | মামলা সংখ্যা | রাসায়নিক পরীক্ষা সম্পন্ন ও রিপোর্ট সরবরাহ | | | পেন্ডিং/ স্থগিত |
|---|---|---|---|---|---|
| | | পজিটিভ | নেগেটিভ | মোট | |
| মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর | ৫৩৭ | ৫৩৭ | - | ৫৩৭ | - |
| পুলিশ | ৭১৭ | ৭১৫ | ১ | ৭১৬ | ১ |
| বিডিআর | ১ | ১ | - | ১ | - |
| র‍্যাব | ১ | ১ | - | ১ | - |
| সর্বমোট | ১২৫৬ | ১২৫৪ | ১ | ১২৫৫ | ১ |

## বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে মাদকবিরোধী গণসচেতনতামূলক কার্যক্রম

মাদকের বিরুদ্ধে যুব সমাজের সচেতনতা সৃষ্টির লক্ষ্যে নর্দান ইউনির্ভাসিটি মোহাম্মদপুর শাখা গত ৮ নভেম্বর ২০০৭ তারিখে এক উন্মুক্ত আলোচনা সভা এবং মোহাম্মদপুরের টাউন হলের কাছ থেকে শুরু হয়ে আসাদ এ্যাভিনিউ, মিরপুর, মানিক মিয়া এ্যাভিনিউ, মোহাম্মদপুরের আড়ং এর সামনে হয়ে অবশেষে টাউন হলে সমাপ্তির মাধ্যমে এক মানব বন্ধন কর্মসূচী এবং ১১ নভেম্বর ২০০৭ তারিখে নর্দান ইউনির্ভাসিটি, কাওরান বাজার শাখা উন্মুক্ত আলোচনা সভা এবং ফার্মগেট থেকে সোনাগাঁও হোটেলের মোড় পর্যন্ত মানব বন্ধন কর্মসূচী পালন করে।

ইয়াবা প্রতিরোধ করণ কর্মসূচীর অংশ হিসেবে চট্টগ্রাম জেলা প্রশাসন, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের চট্টগ্রাম মেট্রো উপ-অঞ্চল এবং চট্টগ্রামস্থ বিভিন্ন এনজিও প্রতিনিধিদের সমন্বয়ে গত ৯ নভেম্বর ২০০৭ তারিখে চট্টগ্রামের বিভিন্ন বেসরকারী বিশ্ববিদ্যালয়, মহাবিদ্যালয়, মেডিক্যাল কলেজ এবং ইংরেজী মাধ্যম স্কুলে গণসচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করা হয়।

১১ নভেম্বর ২০০৭ তারিখে নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ে **The Social Services Club (NSUSSC) of North South University** এর উদ্যেগে **“Creating Awareness on Prevention of Drug Dependence in Bangladesh”** শীর্ষক বিষয়ক এক সেমিনার অনুষ্ঠিত হয়। তাছাড়া গত ১৫ নভেম্বর ২০০৭ তারিখে স্কলাস্টিকা স্কুল, সিনিয়র সেকশন, উত্তরায় মাদকবিরোধী সেমিনার, ২০ নভেম্বর ২০০৭ তারিখে স্ট্যাম্পফোর্ড ইউনির্ভাসিটি সিদ্ধেশ্বরী ক্যাম্পাসে এবং ২২ নভেম্বর ২০০৭ তারিখে ইস্ট ওয়েস্ট ইউনির্ভাসিটিতে মাদকবিরোধী মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়।

## চট্টগ্রামে বিভিন্ন প্রকার মাদকসহ ৭ জন গ্রেফতার

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, চট্টগ্রাম মেট্রোঃ উপ-অঞ্চলের সদস্যরা গোপন সংবাদের ভিত্তিতে গত ১৯ নভেম্বর ২০০৭ তারিখে বদ্দারহাট বধূয়া কমিউনিটি সেন্টার, চাঁদগাও থেকে ৫০ বোতল ফেন্সিডিল ও ১ টি মোটর সাইকেলসহ আঃ আলীম (৩৫) এবং আবুল মনসুর কে, দক্ষিণ কাট্টলী, বণিক পাড়া থেকে ৩ কেজি গাঁজাসহ মোঃ বক্কর দেওয়ান কে, খুলশী, চট্টগ্রাম থেকে ১০ গ্রাম হেরোইনসহ জাহাঙ্গীর আলমকে গ্রেফতার করে।

১৫ নভেম্বর ২০০৭ তারিখে চট্টগ্রাম মেট্রোঃ উপ-অঞ্চলের সদস্যরা শহরের দামপাড়া থেকে ১৭০ টি ইয়াবা ট্যাবলেটসহ নুরুল আলম (৪৩) কে, ১৬ নভেম্বর ২০০৭ তারিখে গোয়াল পাড়া, কোতয়ালী থেকে ৩ কেজি গাঁজাসহ মোঃ আলম কে এবং ১৭ নভেম্বর ২০০৭ তারিখে ফরদাবাদ নামপাড়া, ফটিকছড়ি থেকে ৫০ বোতল ফেন্সিডিলসহ সত্যব্রত চক্রবর্তী কে গ্রেফতার করে।

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রধান কার্যালয়, ওয়েজ আর্নার্স হোস্টেল ভবন (লেভেল-৮), ৭১-৭২,পুরাতন এ্যালিফেন্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত। টেলিযোগাযোগ ঃ ৯৩৫৫৮৯৩, ৯৩৫৫৮৯৪, ৮৩১২২৪৯।